

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের “বদলি নীতিমালা”-২০১২

পরিপত্র

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের বদলি সংক্রান্ত নিম্নবর্ণিত নীতিমালা জারি করা হলো :

১। বদলির সাধারণ নীতিমালা :

- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে তাদের নিজ উপজেলায় পদায়ন/বদলি করা যাবে না। তবে পার্বত্য এলাকার অধিবাসীর ক্ষেত্রে এ শর্ত শিথিল করা যাবে।
- একই কর্মস্থলে ০৩ (তিন) বছর অতিক্রান্ত হলে বদলি করা যাবে। তবে দুর্গম পাহাড়ী অঞ্চল, ভাটি ও হাওড়-বাওড় প্রভৃতি অঞ্চলের উপজেলায় কর্মকর্তার কর্মকালের মেয়াদ হবে সর্বোচ্চ ০২ (দুই) বছর।
- পূর্ববর্তী কর্মস্থলে পুনরায় বদলির আবেদন বিবেচনা যোগ্য হবে না।
- দুর্গম পাহাড়ী অঞ্চল, ভাটি ও হাওড়-বাওড় অঞ্চলে একবার কর্মরত থাকলে পরবর্তীতে উক্ত এলাকায় বদলি/পদায়ন করা যাবে না। তবে কোন কর্মকর্তা স্বেচ্ছায় দ্বিতীয় মেয়াদে ঐ সব এলাকায় পদায়ন পেতে চাইলে বা বদলি হতে আগ্রহী হলে তা বিবেচনা করা যেতে পারে।
- তদন্তে অভিযোগ প্রমাণিত হলে কোন কর্মকর্তাকে যে কোন সময় অন্যত্র বদলি করা যাবে।
- কোন কর্মকর্তার PRL/অবসর নিকটবর্তী হলে তার আবেদনের প্রেক্ষিতে চাহিত উপজেলায় (নিজ উপজেলাসহ) বদলি করা যাবে।
- স্বামী ও স্ত্রী চাকুরিরত থাকলে স্বামী/স্ত্রীর কর্মস্থলে অথবা পার্শ্ববর্তী জেলা বা উপজেলায় (নিজ উপজেলা ব্যতিত) বদলির আবেদন বিবেচনায় নেয়া যেতে পারে।
- বদলির অন্য শর্তের ব্যত্যয় না ঘটলে বিভাগীয় শহর, জেলা সদর ও মেট্রোপলিটন এলাকা ব্যতিত পারস্পারিক বদলির আবেদন বিবেচনা করা যেতে পারে।
- জনস্বার্থ ব্যতিত সাধারণভাবে পঞ্জিকা বছরের শেষ মাসে কর্মকর্তাদের বদলির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

২। এ নীতিমালায় যা-ই থাকুক না কেন জনস্বার্থে যে কোন কর্মকর্তাকে যে কোন উপজেলায় যে কোন সময়ে বদলি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ

(মোঃ শামছুল আলম)
উপ-সচিব (অধিশাখা-১০)
ফোন : ৭১৬২৪৮৩ (অ)

স্মারক নং-শিম/শাঃ ১০/বদলী-৩-৩/৯৫(অংশ-১)/৪৮২

তারিখ : ২২/০৪/২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্বাঃ

(মোঃ শামছুল আলম)
উপ-সচিব (অধিশাখা-১০)
ফোন : ৭১৬২৪৮৩ (অ)